খালেদা জিয়ার সুস্থতা কামনায় সিলেট নগর বিএনপির দোয়া অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক::সাবেক প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা কামনায় খতমে কুরআন ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। মহানগর বিএনপির উদ্যোগে বৃহস্পতিবার (১৮ নভেম্বর) বাদ জোহর নগরের রেজিস্ট্রারী মাঠে এ দোয়া অনুষ্ঠিত হয়।

দোয়া শুরুতে উপস্থিত সাধারণ জনতা ও কেন্দ্রীয় বিএনপি নেতৃবৃন্দ এবং উপস্থিত সব অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীকে ধন্যবাদ দিয়ে খালেদা জিয়ার জন্যে ঘরে ঘরে মা বোনদের দোয়া করতে আহবান জানান সিলেট মহানগর বিএনপির আহবায়ক আব্দুল কাইয়ুম জালালি পংকি ও সদস্য সচিব মিফতাহ সিদ্দিকী। দোয়া শেষে মোনাজাত পরিচালনা করেন বন্দর বাজার জামে মসজিদের খতিব মাওলানা মোশতাক আহমদ খান।

এ সময় নেতৃবৃন্দ বলেন, ‘সাদামাটা মানুষের হৃদ-স্পন্দন দেশনেত্রী তীব্র শারীরিক অসুস্থতার খবরে দেশের মানুষ ও জাতীয়তাবাদী দেশপ্রেমিক সব নেতাকর্মী আতঙ্কিত ও তীব্র অসন্তোষের মধ্যে নিপতিত।’

দোয়ায় অংশ নেন বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ড. এনামুল হক চৌধুরী, কেন্দ্রীয় নির্বাহী কমিটি সদস্য ও সিলেট সিটি করপোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য আবুল কাহের শামীম, মহানগর বিএনপির সাবেক সভাপতি নাসিম হোসেইন, জেলা বিএনপির সাবেক আহবায়ক অ্যাডভোকেট নুরুল হক ও মহানগর বিএনপির যুগ্ম আহŸ◌ায়ক ফরহাদ চৌধুরী শামীম, রেজাউল হাসান কয়েস লোদী, অ্যডাভোকট হাবিবুর রহমান, সুদীপ রঞ্জন সেন বাপ্পু, ইমদাদ হোসেন চৌধুরী, নজিবুর রহমান নজিব, সৈয়দ মঈনুদ্দিন সোহেল, সালেহ আহমদ খসরু, জেলা বিএনপির সদস্য অ্যাডভোকেট এমরান আহমদ চৌধুরী, মহানগর বিএনপির সদস্য আমির হোসেন, আতিকুর রহমান সাবু, মাহবুব কাদির শাহী, সৈয়দ তৌফিকুল হাদি, মুকুল আহমদ মোর্শেদ, আক্তার রশীদ চৌধুরী, আফজাল উদ্দিন, শামীম মজুমদার, মতিউল বারী খোরশেদ, ডা. নাজমুল ইসলাম, মাহবুব চৌধুরী, সৈয়দ সাফেক মাহবুব ও কেন্দ্রীয় শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক সুরমান

আলী

অঙ্গ ও সহযোগী সংগঠনের মধ্যে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দল মহানগর শাখার আহবায়ক আব্দুল ওয়াহিদ সুহেল, সদস্য সচিব আজিজুল হোসেন আজিজ, জেলা যুবদলের সদস্য সচিব মকসুদ আহমদ এবং জেলা ছাত্রদলের সভাপতি আলতাফ হোসেন সুমন, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক বদরুল আহমদ চৌধুরী এডভোকে সহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।